

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ/২৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর. ও. নং ১৭৩-আইন/২০২০/১১৮-মূসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর শিরোনামা সংখ্যা (Heading No.) 27.09, 27.10 ও 27.11 এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন প্রাকৃতিক গ্যাস, কনডেনসেট ও পেট্রোলিয়ামজাত পণ্যসমূহের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর, বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রদান হইতে নিম্নবর্ণিত শর্তে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তাবলি :

- (ক) উক্ত অব্যাহতি সুবিধা শুধুমাত্র সরকারের সহিত উৎপাদন অংশীদারিত্বের (Production Sharing) ভিত্তিতে চুক্তিবদ্ধ কোনো বেসরকারি কোম্পানি বা প্রতিষ্ঠান কর্তৃক স্থানীয়ভাবে উৎপাদিত ও সরবরাহকৃত প্রাকৃতিক গ্যাস, তেল ও পেট্রোলিয়ামজাত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;

(৬৭২৯)
মূল্য : টাকা ৪.০০

- (খ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং কোনো বেসরকারি কোম্পানির মধ্যে তেল বা প্রাকৃতিক গ্যাস অনুসন্ধান, উত্তোলন, উৎপাদন বা উৎপাদনে সরকারের অংশীদারিত্ব সম্পর্কে স্বাক্ষরিত চুক্তির বিষয়ে উক্ত বিভাগের নিকট হইতে একটি প্রত্যয়নপত্র জাতীয় রাজস্ব বোর্ডের নিকট পেশ করিতে হইবে;
- (গ) সংশ্লিষ্ট কোম্পানি বা প্রতিষ্ঠানকে অব্যাহতিপ্রাপ্ত মূল্য সংযোজন করের মাসভিত্তিক পরিমাণসহ যাবতীয় অর্থের হিসাব বিবরণী সম্পর্কে সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।